

**আই.জি.এম হাসপাতালের পেডিয়াট্রিক ডিপার্টমেন্ট রাজ্যে সর্বপ্রথম স্বাস্থ্য  
পরিষেবার মানোন্নয়নের ক্ষেত্রে এম.ইউ.এস.কিউ.এ.এন. শংসাপত্র অর্জন করল**

রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় যুক্ত হলো নতুন এক সাফল্যের পালক। আগরতলার ইন্দিরা গান্ধী মেমোরিয়াল (আই.জি.এম) হাসপাতালের পেডিয়াট্রিক ডিপার্টমেন্ট এবার স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্বীকৃতি অর্জন করেছে। ভারত সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনস্থ ন্যাশনাল হেলথ সিস্টেমস রিসোর্স সেন্টার (এন.এইচ.এস.আর.সি.) কর্তৃক হাসপাতালটি রাজ্যে সর্বপ্রথম এম.ইউ.এস.কিউ.এ.এন. (মুসকান কোয়ালিটি এস্যুরেন্স ফর নিউ বর্নস) শংসাপত্র লাভ করেছে।

গুণগত স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত নানাবিধ ক্ষেত্রে ইন্দিরা গান্ধী মেমোরিয়াল (আই.জি.এম) হাসপাতালের পেডিয়াট্রিক ডিপার্টমেন্টের তিনটি ওয়ার্ড যথাক্রমে পেডিয়াট্রিক ওয়ার্ড, পেডিয়াট্রিক ও.পি.ডি এবং এস.এন.সি.ইউ (নিউনাটাল ইনটেনসিভ কেয়ার ইউনিট) গুলোতে ন্যাশনাল হেলথ সিস্টেমস রিসোর্স সেন্টার (এন.এইচ.এস.আর.সি.) কর্তৃক গত ১২ ও ১৩ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় পর্যায়ে হাসপাতালে বা স্বাস্থ্যকেন্দ্রে কিভাবে পরিষেবা দেওয়া হচ্ছে তা বহিরাঙ্গের বিশেষজ্ঞ দল পরীক্ষা করে। এই পরীক্ষা কালে আই.জি.এম হাসপাতাল ৬টি মানদণ্ডের সবকটি পূরণ করে ৮১.৪৫% স্কোর অর্জন করে এবং "কোয়ালিটি সার্টিফায়েড" স্বীকৃতি লাভ করে। এম.ইউ.এস.কিউ.এ.এন. (মুসকান কোয়ালিটি এস্যুরেন্স ফর নিউ বর্নস) হল জাতীয় স্বাস্থ্য মিশনের অধীন একটি বিশেষ উদ্যোগ, যার লক্ষ্য হল শিশুর স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়ন করা। এটি সরকারি হাসপাতালগুলিতে শিশুদের জন্য প্রদত্ত পরিষেবাগুলিকে গুণগতভাবে উন্নত ও নিরাপদ করতে সহায়তা করে।

এম.ইউ.এস.কিউ.এ.এন. (মুসকান কোয়ালিটি এস্যুরেন্স ফর নিউ বর্নস) কর্মসূচির মূল লক্ষ্য হল শিশু ও নবজাতকের জন্য নিরাপদ, সাশ্রয়ী ও গুণগত চিকিৎসা নিশ্চিত করা, শিশু ওয়ার্ড, শিশু বহির্বিভাগ ও বিশেষ নবজাতক পরিচর্যা কেন্দ্রগুলিতে (এস.এন.সি.ইউ) পরিষেবার গুণমান যাচাই করা এবং জাতীয় ও রাজ্যস্তরে গুণমানের ভিত্তিতে মূল্যায়ন ও সার্টিফিকেশন প্রদান করা। কেন্দ্রীয় সরকারের স্বীকৃত মূল্যায়নকারী দল সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিকে নির্দিষ্ট ৬টি গুণমানের মানদণ্ড অনুযায়ী পরীক্ষা করে। সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রতিষ্ঠান নির্ধারিত স্কোর অর্জন করলে, সেই স্বাস্থ্য প্রতিষ্ঠান "এম.ইউ.এস.কিউ.এ.এন. কোয়ালিটি সার্টিফায়েড" স্বীকৃতি লাভ করে। এই স্বীকৃতি প্রমাণ করে যে, আই.জি.এম হাসপাতাল স্বাস্থ্য পরিষেবায় মান বজায় রাখার ক্ষেত্রে আরও এক ধাপ এগিয়ে গেছে। এই সাফল্য রাজ্যের জন্য একটি গর্বের মুহূর্ত। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।